## চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম।

স্মারক নং- নিবি-১/নিলাম/টেন্ডার/৪৬/৮৮ তারিখঃ- ০৪/১২/২০২৪খ্রিঃ

### দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা নিম্নবর্ণিত মালামাল তথা পুরাতন মালামাল সমূহ "যেখানে যে অবস্থায় আছে" উহার ভিত্তিতে ক্রয়োচ্ছুক আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নির্ধারিত ফরমে শীল মোহরকৃত নিলাম দরপত্র আহ্বান করা যাইতেছে।

**নিলামের নাম: চউক অফিস ভবনের পিছনে স্তুপ আকারে এঙ্গেল সহ টিন এর শীট এবং রেল রোড ওভারব্রীজের SS রেইল পোস্ট ও SS লাইট পোস্টের নিলাম।**

উপরোক্ত নিলাম কাজের দরপত্র সিডিউল চউক নির্ধারিত ফরমে দাখিল করিতে হইবে। নিলাম দরপত্র দলিল পূবালী ব্যাংক, চউক শাখা হতে আগামী ০৮/১২/২০২৪ইং হতে ২৯/১২/২০২৪ইং পর্যন্ত সরবরাহ করা হবে। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি/ সরবরাহ করা হইবে না।

নিলাম দরপত্র সমূহ আগামী ৩০/১২/২০২৪ইং তারিখে ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহন করা হইবে এবং ঐ দিন বেলা ১২.৩০ ঘটিকার সময় উপস্থিত নিলাম দরপত্র দাতা অথবা তাঁহার প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিলাম দরপত্র সমূহ খোলা হইবে।

নিলাম দরপত্র দাতা কর্তৃক উদ্বৃত দরের ৫০% টাকা জামানত হিসাবে চউক চেয়ারম্যান-এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নিলাম দরপত্র এর সাথে অবশ্যই জমা দিতে হইবে। বাকী ৫০% টাকা সফলকাম দরদাতাকে কার্যাদেশ দেওয়ার পূর্বে চউক চেয়ারম্যান এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অবশ্যই জমা দিতে হইবে। নির্দিষ্ট অংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিহীন যে কোন নিলাম দরপত্র বা অসম্পূর্ণ নিলাম দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য করা হইবে। সফলকাম নিলাম দরপত্র দাতাকে সিডিউল বর্ণিত মালামাল নেওয়ার পূর্বে তাঁহার উদ্বৃত দরের ১৫% হারে ভ্যাট (মূসক) ও ১০% হারে আয়কর হিসাবে চউক চেয়ারম্যান এর অনুকূলে ভিন্ন ভিন্ন পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অবশ্যই প্রদান করিতে হইবে। উপরোক্ত নিলামকৃত পুরাতন মালামাল সমূহ যথাস্থানে রক্ষিত আছে। **উল্লেখ্য, নিলামকৃত পুরাতন মালামাল সমূহ দরদাতা সরজমিনে পরিদর্শন করিয়া নিজ দায়িত্বে সঠিকভাবে মূল্যায়ন করিবেন। এ ব্যাপারে পরে কোন ওজর আপত্তি গ্রহণ করা হইবে না।** নিলাম সম্পর্কিত ও অন্যান্য তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হইতে জানা যাইবে।

**অনিবার্যকারণবশতঃ** নির্ধারিত দিনে যদি দরপত্র গ্রহন ও খোলা সম্ভবপর না হয় তাহলে পরবর্তী কার্যদিবসে তাহা যথারীতি গ্রহণ ও খোলা হইবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন ও বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(কাজী কাদের নেওয়াজ)
নির্বাহী প্রকৌশলী (নিঃবিঃ-১),
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

S.A.